33

দৈনিক সংবাদ

তারিখ 13 OCT 1991
পৃষ্ঠা 8 কলাম 2

## ঢাকা বিশ্ববিদ্যালয় মান উন্নয়ন পরীক্ষা

১৯৮৮ সালের ইংরেজী সম্মান (সনাতন) পরীক্ষা (১৯৯০/৯১ সালে অনুষ্ঠিত) অংশগ্রহণ করে নবম পত্র ছাড়াই তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হই। শারীরিক অসুস্থতার কারণে নবমপত্র পরীক্ষায় (টিউটরিয়াল এবং ভাইভা) আমি অকৃতকার্য হই এবং সে সময় থেকে পরীক্ষা দেবার জন্য প্রস্তুতি নিতে থাকি। মহানগরী ঢাকায় স্থায়ী আবাস নেই বিধায় গ্রামের বাড়িতে চলে আসি এবং পুনরায় ফরম ফিল আপস-এর জন্য ফলাফল ঘোষণা পর্যন্ত প্রতীক্ষা করতে থাকি। কিন্তু হায়, পরীক্ষার ফলাফল এমনি সময় প্রকাশিত হল যখন দেশব্যাপী চলছে লঞ্চ ধর্মঘট, এই ধর্মঘট ৩১-০৮-৯১ তারিখ পর্যন্ত চলেছিল। দক্ষিণাঞ্চলীয় অধিবাসীদের ঢাকায় যোগাযোগের একমাত্র মাধ্যমে লঞ্চ। এছাড়া অন্য কোন উপায় নেই যার সাহায্যে ঢাকায় আসা যায়। বিশেষ পরিতাপের বিষয় বিশ্ববিদ্যালয় প্রচলিত নিয়মে ফলাফল প্রকাশের দুই সপ্তাহের মধ্যে ফরম পূরণ করে জমা দিতে হয়। আর এটি ছিল ৩১-০৮-৯১ এ শেষ তারিখ। মান উন্নয়ন পরীক্ষা বিশ্ববিদ্যালয় সরাসরি নিয়ন্ত্রিত পরীক্ষা কোন প্রকার ফাঁকিবাজির আশ্রয় এখানে কিংবা ইংরেজী সাহিত্যের পরীক্ষা নেয়া সম্ভব নয়। এক কথায় এটি একটি চ্যালেঞ্জ এবং খুব কম ছাত্রই এই চ্যালেঞ্জ গ্রহণে এগিয়ে আসেন যাদের পরীক্ষার আয়োজন করতে কর্তৃপক্ষের দুই সপ্তাহের বেশী সময় লাগার কথা নয়। কাজেই প্রচলিত আইন ছাত্রদের জন্য অকল্যাণকর, বিষয়টি সহৃদয় বিবেচনার জন্য এবং 'মান উন্নয়ন' পরীক্ষার নির্ধারিত সময় বাড়িয়ে দেয়ার জন্য আকুল আবেদন জানাচ্ছি।

এ, এইচ, এম শহীদ সরওয়ার,
গ্রাম+ডাক-সোহাগদল,
স্বরূপকাঠি, পিরোজপুর।